

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয় কর্মকর্তার কার্যালয়
সাপাহার, নওগাঁ।

স্মারক নং- ৩২.০১.৬৪৮৬.০০০.০১.০০২.২২-৭৩

তারিখঃ ০২/০৪/২০২৩খ্রিঃ

বিষয়ঃ এপ্রিল/২০২৩ মাসের মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচীর উপকারভোগী নির্বাচন প্রসঙ্গে।

সূত্রঃ মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকার স্মারক নং- ৩২.০১.০০০০.০১২.০১২.৬৮.২০-১০১ তারিখঃ ২২/১২/২০২২খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচী”র আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের জন্য প্রতি মাসে শর্তপূরণ সাপেক্ষে গর্ভবতী মহিলাদের কাছ থেকে ইউনিয়ন ভিত্তিক আবেদন গ্রহণ করার জন্য নির্দেশনা পত্র পাওয়া গেছে। নিম্নোক্ত ছকের বরাদ্দ মোতাবেক আপনার ইউনিয়নের গর্ভবতী মহিলাদের কাছ থেকে আবেদন পত্র নিজ নিজ ইউনিয়নের উদ্যোক্তাদের মাধ্যমে (ইতো পূর্বে প্রেরণ কৃত ইউজার আইডিতে) আগামী ১৫/০৪/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে এন্ট্রি করার জন্য ও এন্ট্রিকৃত উপকারভোগীদের তালিকা ও আবেদনপত্র ইউনিয়ন কমিটির সভার রেজুলেশনসহ আগামী ১৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

“ছক”

ক্রমিক নং	ইউনিয়নের নাম	এপ্রিল/২০২৩ মাসের বরাদ্দ	সর্বমোট	মন্তব্য
১	সাপাহার	২৬ জন	২৬ জন	
২	গোয়ালা	৩৩ জন	৩৩ জন	
৩	তিলনা	২১ জন	২১ জন	
৪	আইহাই	২০ জন	২০ জন	
৫	পাতাড়ী	২৪ জন	২৪ জন	
৬	শিরটি	২৬ জন	২৬ জন	
সর্বমোট			১৫০ জন	

আবেদন করার শর্তাবলী :

- ১। জাতীয় পরিচয়পত্র (NID) কার্ড (আবশ্যিক)।
- ২। আবেদনকারীকে ৪-৬ মাসের গর্ভবতী হতে হবে। (১ম অথবা ২য় গর্ভবতী যে কোন একবার আবেদন করতে পারবেন)।
- ৩। আবেদনকারীর বয়স আবেদনের তারিখে ২০ হতে ৩৫ বছর হতে হবে (বয়স কোন অবস্থাতেই কম-বেশী গ্রহণযোগ্য হবে না)।
- ৪। স্বাস্থ্য/ পরিবার পরিকল্পনা দপ্তর কর্তৃক এ.এন.সি কার্ড (এন্টি নেটাল কেয়ার কার্ড) ও গর্ভবতীর প্রতিবেদনের মূল কার্ড থাকতে হবে।
- ৫। পূর্বে মাতৃত্বকাল ভাতা পেয়ে থাকলে আবেদন করতে পারবেন না।
- ৬। উপকারভোগীর নিজ নামের আইডি কার্ডের বিপরীতে সীমসহ মোবাইল এবং সক্রিয় অন-লাইন ব্যাংক হিসাব থাকতে হবে।
- ৭। উপকারভোগীর কোন তথ্য ভুল প্রমানীত হলে আবেদন বাতিল হবে।

স্বাক্ষর

০২/৪/২০২৩

(আমিনা খাতুন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
সাপাহার, নওগাঁ।

চেয়ারম্যান (সবল)

.....* ইউপি, সাপাহার, নওগাঁ।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাপাহার, নওগাঁ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার, নওগাঁ।
- ৩। উপপরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ।